গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
**College Code : 1400, EIIN NO : 108155**

স্মারক নং- ১২৭ তারিখ: ২৯/১০/২০২৩

প্রেরক: অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ
ঢাকা

প্রাপক: পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা অঞ্চল, ঢাকা

বিষয়: বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ,ঢাকার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংশোধিত কপি প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংশোধিত কপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

(প্রফেসর সাবিকুন নাহার)
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা

এবং

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (সংশোধিত)

১ জুলাই ২০২৩ - ৩০ জুন ২০২৪

## সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| প্রস্তাবনা | ৪ |
| সেকশন ১ : রূপকল্প, অভিলক্ষ্য, এবং সাধারণ কার্যাবলি | ৫ |
| সেকশন ২ : কর্মসম্পাদন পরিকল্পনা | ০৬-০৯ |
| সংযোজনী ১ : শব্দসংক্ষেপ | ১০ |
| সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ১১ |

## কর্মসম্পাদনের সার্বিক চিত্র

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

শিক্ষার্থীদের ডাটাবেইজ উন্নয়নের লক্ষ্যে তথ্য সংগ্রহ, ডিজিটাল উপস্থিতি গ্রহণ, মাল্টিমিডিয়া ক্লাস রুম চালু, প্রতিটি ক্লাসরুমে সিসি ক্যামেরা সংযুক্ত, ক্লাসরুমে পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ, জাতীয় সংগীত, শপথ বাক্য ও জয় বাংলা শ্লোগান চালুকরণ, ডিজিটাল নোটিশ বোর্ড চালু, শিক্ষার্থীদের ভর্তি ও ফরম ফিলাপ কাজে অনলাইন ব্যাংকিং চালু, অনলাইনে নম্বরপত্র প্রদান। অধ্যক্ষ মহোদয়ের কার্যালয় থেকে অধ্যক্ষ কর্তৃক মনিটরের মাধ্যমে প্রতিটি ক্লাস পর্যবেক্ষণ, অ্যাকাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী ক্লাস গ্রহণ ও উচ্চ মাধ্যমিক শ্রেণির চূড়ান্ত বোর্ডের ফলাফল শতকরা ৯৮ ভাগ অর্জন। সকল শিক্ষার্থীদের টিকাদান শতভাগ নিশ্চিতকরণ। মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে কলেজে বঙ্গবন্ধু কর্নার স্থাপন, কলেজ বার্ষিকী , শেখ রাসেল দেয়ালিকা, বিভিন্ন বিভাগ থেকে দেয়ালিকা, নিউজ লেটার প্রকাশ। করোনাকালে স্বাস্থ্যবিধি মেনে জাতীয় দিবস উদযাপন, শিক্ষার্থী ও অভিভাবকদের সাথে মতবিনিময় সভা ও র‍্যালি, আনন্দঘন পরিবেশে শিক্ষাদানের উদ্দেশ্যে শিক্ষার্থীদের বিভিন্ন প্রত্নতাত্ত্বিক স্থান, জাতীয় জাদুঘর, বাংলা একাডেমি, বই মেলা, নভোথিয়েটার পরিদর্শন। সহপাঠ্য কার্যক্রমকে তরান্বিত করতে বিভিন্ন বিভাগ কতৃক আয়োজিত সেমিনারে রিসোর্স পার্সনের উপস্থিতিতে বঙ্গবন্ধুর জীবন ও আদর্শ এবং আন্তর্জাতিক মানের প্রবন্ধ উপস্থাপন। শিক্ষার্থীদের সুস্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য বৃদ্ধির লক্ষ্যে পুনরায় মেডিকেল সেন্টার চালু, চিকিৎসক নিয়োগ এবং মনোবিশেষজ্ঞ নিয়োগ দেয়া হয়েছে। কলেজে শিশু দিবাযত্ন কেন্দ্র চালু করা হয়েছে। শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে আন্ত:সম্পর্ক বৃদ্ধির লক্ষ্যে এবং প্রশাসনিক কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ ও আইসিটি দক্ষতা অর্জনের লক্ষ্যে তথ্য অধিকার আইন, ই-নথি বাস্তবায়ন, জাতীয় শুদ্ধাচার কৌশল, এপিএ, আইসিটি বিষয়ক শিক্ষকদের প্রশিক্ষণ গ্রহণের কাজ অব্যাহত রাখা।

প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রেরিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশাবলী কলেজ ওয়েবসাইটে প্রকাশ, করোনা ভাইরাস প্রতিরোধে স্বাস্থ্যবিধি নির্দেশানুযায়ী জ্বর মাপার মেশিন (Noncontact IR Thermometer), হাত ধোয়ার জন্য কলেজের মূল প্রবেশদ্বারে বেসিন ও পর্যাপ্ত হ্যান্ড সেনিটাইজারের ব্যবস্থা চলমান রয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

করোনাকাল সুদূরপ্রসারী হলে ঝরে পড়া শিক্ষার্থীদের হার বৃদ্ধি পাওয়ার আশঙ্কা দেখা দিতে পারে। শিক্ষার্থীদের ব্যক্তি পর্যায়ে শিক্ষা উপকরণের অভাব এবং অনলাইন ক্লাসে তাদের অংশগ্রহণে সীমাবদ্ধতা রয়েছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

ঝরে পড়া রোধ করার লক্ষ্যে শিক্ষার্থীদের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগের কার্যক্রমটি চলমান রাখতে হবে। অনলাইন ক্লাসে শিক্ষার্থীদের উপস্থিতির জন্য সর্বোচ্চ ইন্টারনেট সুবিধা নিশ্চিত করতে হবে। সকল শিক্ষককে প্রযুক্তিগত প্রশিক্ষণের আওতায় এনে তাঁদের পেশাগত দক্ষতাবৃদ্ধির মাধ্যমে শিক্ষার সার্বিক উন্নয়নের ব্যবস্থা গ্রহণ।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- অনলাইন ও অফলাইন ক্লাসে শিক্ষার্থীদের উপস্থিতি সন্তোষজনক হবে;
- ঝরে পড়া শিক্ষার্থীদের হার কমবে এবং পাশের হার বৃদ্ধি পাবে;
- শিক্ষার গুণগত মান বৃদ্ধি পাবে;
- শিক্ষক-শিক্ষার্থী আন্ত:সম্পর্ক বৃদ্ধি পাবে।

## প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা

**এবং**

**পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা**

এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের .........................তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

**সেকশন ১:**

## রূপকল্প, অভিলক্ষ্য, এবং সাধারণ কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision) :** ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় বিশ্বমানের শিক্ষার্থী তৈরি।

**১.২ অভিলক্ষ্য (Mission):** নিয়মিত পাঠদান, শিক্ষায় প্রযুক্তি, ব্যাবহারিক ও সহপাঠ কার্যক্রমের মাধ্যমে মুক্তিযুদ্ধের চেতনায় দক্ষ ও সুনাগরিক গঠন।

**১.৩ সাধারণ কার্যাবলি :**

১. প্রশাসনিক স্বচ্ছতা নিশ্চিতকরণ;

২. সুষ্ঠুভাবে অ্যাকাডেমিক কার্যক্রম পরিচালনা;

৩. কার্যকর সহপাঠ্য কার্যক্রম পরিচালনা;

৪. কার্যকর মনিটরিং নিশ্চিতকরণ;

৫. শিখন বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ।

# সেকশন ২ কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান ১০০ | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | | প্রকৃত অর্জন (বিগত দুই বছরের) | | ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক | | | | | প্রক্ষেপণ ২০২৪-২৫ | প্রক্ষেপণ ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **দপ্তর বা সংস্থার কর্মসম্পাদনের উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | | |
| ১. সুষ্ঠুভাবে অ্যাকাডেমিক কার্যক্রম পরিচালনা বা অ্যাকাডেমিক কার্যক্রম পরিচালনা বা অ্যাকাডেমিক কার্যক্রম গতিশীলতা আনয়ন বা পাঠ্যক্রম অনুযায়ী শ্রেণিকক্ষে পাঠদান বা পাঠদান কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ বা শিক্ষণ-শিখন কার্যক্রম পরিচালনায় দক্ষতা আনয়ন | ৪০ | ১.১ তত্ত্বীয় ক্লাস গ্রহণ | ১.১.১ উচ্চমাধ্যমিক একাদশ শ্রেণিতে গৃহীত ক্লাস | সমষ্টি | সংখ্যা | ৮ | ৪০ | ১০০০ | ১০০০ | ৩২০০ | ৩০০০ | ২৮০০ | | | ৩৫০০ | ৩৬০০ |
| | | | ১.১.২ উচ্চমাধ্যমিক দ্বাদশ শ্রেণিতে গৃহীত ক্লাস | সমষ্টি | সংখ্যা | ৮ | | ১০০০ | ১০০০ | ২২০০ | ২০০০ | ১৮০০ | | | ২৫০০ | ২৭০০ |
| | | | ১.১.৩ অনার্স বিষয়ে (১ম, ২য়, ৩য়, ৪র্থ বর্ষের) গৃহীত ক্লাস | সমষ্টি | সংখ্যা | ৮ | | ২৫০০ | ২৫০০ | ১০,৪০০ | ৯৫০০ | ৮৪০০ | | | ১৩০০০ | ১৩৫০০ |
| | | | ১.১.৪ মাস্টার্স বিষয়ে গৃহীত ক্লাস | সমষ্টি | সংখ্যা | ৮ | | ১০০০ | ১০০০ | ২৬০০ | ২৪০০ | ২২০০ | | | ৩০০০ | ৩২০০ |
| | | ১.২ ব্যবহারিক ক্লাস গ্রহণ | ১.২.১ উচ্চমাধ্যমিক একাদশ শ্রেণিতে গৃহীত ক্লাস | সমষ্টি | সংখ্যা | ২ | | ৯০ | ৯০ | ৪০০ | ৩৬০ | ৩২০ | | | ৫০০ | ৬০০ |
| | | | ১.২.২ উচ্চমাধ্যমিক দ্বাদশ শ্রেণিতে গৃহীত ক্লাস | সমষ্টি | সংখ্যা | ২ | | ৬০ | ৬০ | ১৮০ | ১৬০ | ১৪০ | | | ২০০ | ২২০ |
| | | | ১.২.৩ অনার্স বিষয়ে গৃহীত ক্লাস | সমষ্টি | সংখ্যা | ২ | | ২০০ | ২০০ | ৯০০ | ৮০০ | ৭২০ | | | ১০০০ | ১২০০ |
| | | | ১.২.৪ মাস্টার্স বিষয়ে গৃহীত ক্লাস | সমষ্টি | সংখ্যা | ২ | | ৮০ | ৮০ | ২৮০ | ২৪০ | ২০০ | | | ৩০০ | ৩২০ |
| ২. প্রশাসনিক স্বচ্ছতা নিশ্চিতকরণ | ২০ | ২.১ অ্যাকাডেমেকি ক্যালেন্ডার | ২.১.১ ক্যালেন্ডার প্রণয়নকৃত | সমষ্টি | তারিখ | ৫ | ১০ | ১০ আগস্ট ২২ | ৩০ ডিসেম্বর' ২২ | ৩০ ডিসেম্বর' ২৩ | ৩০ জানু.' ২৪ | ২৮ ফেব্রু.' ২৪ | - | - | ১ জুলাই' ২০২৫ | ১ জুলাই' ২০২৬ |
| | | | ২.১.২ বাস্তবায়নের হার | সমষ্টি | শতকরা | ৫ | | ৯৫ | ৯৫ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | - | ১০০ | ১০০ |
| | | ২.২ ভিজিল্যান্স টিম | ২.২.১ ভিজিল্যান্স টিম গঠিত | সমষ্টি | সংখ্যা | ৩ | ৬ | ২০০ | ৬০ | ৬০ | ৫৬ | ৫২ | - | - | ২৫০ | ২৫০ |
| | | | ২.২.২. দাখিলকৃত রিপোর্ট | সমষ্টি | সংখ্যা | ৩ | | ২০০ | ২৩০ | ২৩০ | ২২০ | ২১০ | ১৯০ | - | ২৫০ | ২৫০ |
| | | ২.৩ অ্যাকাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশ | ২.৩.১ পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশিত | সমষ্টি | শতকরা | ৪ | ৪ | ৯৫ | ৯৫ | ৯৫ | ৯০ | - | - | - | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান ১০০ | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন (বিগত দুই বছরের) | | ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক | | | | | প্রক্ষেপণ ২০২৪-২৫ | প্রক্ষেপণ ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ৩. কার্যকর সহপাঠ্য কার্যক্রম পরিচালনা | ২০ | ৩.১ শিক্ষা সফর | ৩.১.১ শিক্ষা সফর অনুষ্ঠিত | সমষ্টি | তারিখ | ২ | জানু:'২২ | ফেব্রু'২৩ | জানু'২৪ | মার্চ'২৪ | এপ্রিল'২৪ | - | - | জানুয়ারি,২৫ | জানুয়ারি,২৬ |
| | | ৩.২ শিক্ষা সপ্তাহ | ৩.২.১ শিক্ষা সপ্তাহ অনুষ্ঠিত | সমষ্টি | তারিখ | ২ | মার্চ'২২ | এপ্রিল' ২৩ | এপ্রিল' ২৪ | মে'২৪ | জুন'২৪ | - | - | মার্চ'২৫ | মার্চ'২৬ |
| | | ৩.৩ সাংস্কৃতিক সপ্তাহ | ৩.৩.১ সাংস্কৃতিক সপ্তাহ | সমষ্টি | তারিখ | ২ | এপ্রিল'২২ | এপ্রিল২৩ | এপ্রিল২৪ | মে'২৪ | জুন'২৪ | - | - | মার্চ'২৫ | মার্চ'২৬ |
| | | ৩.৪ ক্রীড়া সপ্তাহ | ৩.৪.১ ক্রীড়া সপ্তাহ | সমষ্টি | তারিখ | ২ | ফেব্রু:'২২ | মার্চ'২৩ | মার্চ'২৪ | এপ্রিল২৪ | মে'২৪ | - | - | জানু:'২৫ | জানু:'২৬ |
| | | ৩.৫ কলেজ ম্যাগাজিন | ৩.৫.১ ম্যাগাজিন প্রকাশিত | সমষ্টি | তারিখ | ২ | জানুয়ারি ২২ | এপ্রিল ২৩ | মে ২৪ | জুন ২৪ | - | - | - | ফেব্রু'২৫ | ফেব্রু'২৬ |
| | | ৩.৬ বার্ষিক মিলাদ | ৩.৬.১ মিলাদ অনুষ্ঠিত | সমষ্টি | তারিখ | ২ | মার্চ ২২ | মার্চ ২৩ | মার্চ ২৪ | ফেব্রুয়ারি ২৪ | জানুয়ারি ২৪ | - | - | মার্চ'২৫ | মার্চ'২৬ |
| | | ৩.৭ সেমিনার | ৩.৭.১ সেমিনার অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ২ | ২ | ১ | - | - | - | ৩ | ৪ |
| | | ৩.৮ বিতর্ক প্রতিযোগিতা | ৩.৮.১ আন্ত:বিভাগ বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | - | ১ | ১ | - | - | - | - | ১ | ১ |
| | | ৩.৯ রোভার স্কাউট দীক্ষা | ৩.৯.১ রোভার স্কাউট দীক্ষা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | - | ১ | ১ | - | - | - | - | ১ | ১ |
| | | ৩.১০ রেড ক্রিসেন্ট সোসাইটির রক্তদান | ৩.১০ রেড ক্রিসেন্ট সোসাইটির রক্তদান কর্মসূচি অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | - | ১ | ১ | - | - | - | - | ১ | ১ |
| ৪. কার্যকর মনিটরিং নিশ্চিতকরণ | ১০ | ৪.১ সিটিজেন চার্টার ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কমিটি গঠন | ৪.১.১ সিটিজেন চার্টার সংক্রান্ত কমিটি গঠিত | সমষ্টি | তারিখ | ৫ | - | - | জুলাই ২৩ | আগস্ট ২৩ | সেপ্টেম্বর ২৩ | - | | - | - |
| | | | ৪.১.২ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কমিটি গঠিত | সমষ্টি | তারিখ | ৫ | - | - | জুলাই ২৩ | আগস্ট ২৩ | সেপ্টেম্বর ২৩ | - | | - | - |
| ৫. শিখন বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ | ১০ | ৫.১ অভিভাবক সমাবেশ | ৫.১.১ সমাবেশ আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ১ | - | - | - | ৩ | ৪ |
| | | ৫.২ উপকরণভিত্তিক শিক্ষা | ৫.২.১ মাল্টিমিডিয়া ক্লাস | সমষ্টি | সংখ্যা | ১ | ৩৬০ | ৪০০ | ৬০০ | ৫২০ | ৪৮০ | - | - | ৮০০ | ১০০০ |
| | | ৫.৩ ইন-হাউজ প্রশিক্ষণ | ৫.৩.১ প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ১ | - | - | - | ৩ | ৩ |
| | | ৫.৪ বাল্যবিবাহ প্রতিরোধে র‍্যালি ও সভা | ৫.৪.১ র‍্যালি ও সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ১ | - | - | - | ৩ | ৩ |
| | | ৫.৫ মাদক, বুলিং ও র‍্যাগিং প্রতিরোধে র‍্যালি ও সভা | ৫.৫.১ র‍্যালি ও সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ১ | - | - | - | ৩ | ৩ |
| | | ৫.৬ জাতীয় দিবস উদযাপন | ৫.৬.১ জাতীয় দিবস উদযাপিত | সমষ্টি | সংখ্যা | ১ | ১৪ | ১৪ | ১৪ | - | - | - | | ১৪ | ১৪ |

আমি অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা হিসেবে মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তরের ঢাকা অঞ্চলের পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি পরিচালক, ঢাকা অঞ্চল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি হিসেবে অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| --------------------------------------- | ২২/০৬/২০২৬<br>------------------------------- |
| অধ্যক্ষ<br>বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ,<br>ঢাকা। | তারিখ |
| --------------------------------------- | ২২.৬.২০২৬<br>------------------------------- |
| পরিচালক (ঢাকা অঞ্চল)<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,<br>বাংলাদেশ, ঢাকা। | তারিখ |